দৈনিক ইত্তেফাক | ৪০
তারিখ ... DEC. 20 1999
পৃষ্ঠা ২৫ কলাম ৬

# মঙ্গলবার ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতির নির্বাচন

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ঃ আগামীকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন। সদ্য সমাপ্ত ৪০তম সমাবর্তনের আমেজ মিলাইয়া না যাইতেই শিক্ষক সমিতির নির্বাচন নিয়া সরকার সমর্থক নীল দল এবং বিএনপি-জামায়াত সমর্থক সাদা দলের শিক্ষকদের গ্রুপিং লবিং, গোপন আঁতাত, একে অন্যের প্রতি কাদা ছোঁড়াছুঁড়ি চূড়ান্ত স্তরে পৌঁছিয়াছে। সমাবর্তনের সাফল্য নীল দলের শিক্ষকদের জন্য একটি বিরাট প্লাস পয়েন্ট হিসাবে বিবেচিত হইতেছে। বিএনপি-জামায়াত সমর্থক শিক্ষকেরা এই সমাবর্তন বর্জন করিলেও উল্লেখযোগ্যসংখ্যক শিক্ষক সমাবর্তনে অংশগ্রহণ করিয়াছেন।

আগামীকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে একটানা ভোট গ্রহণ চলিবে বেলা ১০টা হইতে ২টা পর্যন্ত। নীল দলের প্রার্থীরা হইতেছেন সভাপতি পদে পদার্থ বজ্ঞানের অধ্যাপক ডঃ আর আই এম আমিনুর রশীদ, সাধারণ সম্পাদক পদে প্রাণ রসায়নের অধ্যাপক ডঃ মোঃ আনোয়ার হোসেন, সহ-সভাপতি পদে ব্যবস্থাপনার অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, কোষাধ্যক্ষ পদে অর্থনীতির অধ্যাপক ডঃ মোঃ আশরাফ উদ্দীন চৌধুরী এবং যুগ্ম সম্পাদক পদে ব্যবস্থাপনার সহযোগী অধ্যাপক হাসিবুর রশীদ। সাদাদলের প্রার্থীরা হইতেছেনঃ সভাপতি পদে মৃত্তিকা বিজ্ঞানের অধ্যাপক ডঃ এস এম এ ফায়েজ, সাধারণ সম্পাদক পদে রাষ্ট্রবিজ্ঞানের সহযোগী অধ্যাপক মোঃ ফেরদৌস হোসেন, সহ-সভাপতি পদে ব্যবসায় প্রশাসনের অধ্যাপক ডঃ আনোয়ার হোসেন, কোষাধ্যক্ষ পদে অর্থনীতির চেয়ারম্যান আবু আহমেদ এবং যুগ্ম সম্পাদক পদে ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মাহমুদ ওসমান ইমাম। ১০টি কার্যনির্বাহী সদস্য পদের জন্য নীল এবং সাদা উভয় দলই প্রার্থী দিয়াছে।

SHEET ___ OF ___ SHEETS